

ত্রিপুরা সরকার
অন্যান্য পশ্চাদপদ শ্রেণী কল্যাণ দপ্তর
গোখাবস্তি, এয়ারপোর্ট রোড
আগরতলা, পশ্চিম ত্রিপুরা
Email : dir.obcw-tr@gov.in

Top class Education in School সম্পর্কিত বিজ্ঞপ্তি

ভারত সরকারের সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন (Ministry of Social Justice & Empowerment, Govt. of India) মন্ত্রণালয়ের নির্দেশিকা অনুসারে National Scholarship Portal (NSP 2.0) (<http://Scholarship.Gov.in>) এর মাধ্যমে PM YASASVI Top class Education in School for OBC, EBC, DNT Scholarship পাওয়ার জন্য রাজ্যের (Top-performing schools that Consistently Secure 100% passes in the 10th & 12th grade Exam) নথিভুক্ত বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের কাছ থেকে online দরখাস্ত আহ্বান করা হচ্ছে। ২০২৪-২৫ ইং শিক্ষাবর্ষে নবম এবং একাদশ শ্রেণীতে পাঠরত রাজ্যের ছাত্র-ছাত্রীদের জন্য online আবেদন করার সময়সীমা আগামী ৩০শে সেপ্টেম্বর, ২০২৪ ইং পর্যন্ত বর্ধিত করা হয়েছে।

ছাত্র-ছাত্রীরা তাদের আবেদনের সাপেক্ষে মহকুমা শাসক কর্তৃক প্রদান করা Income Certificate, Caste Certificate, PRTC, এবং নিজ নিজ বিদ্যালয় কর্তৃক প্রদান করা Mark Sheet, Payment/fee receipt ইত্যাদি নথিগুলো upload করতে হবে।

২০২৪-২৫ ইং শিক্ষাবর্ষে যারা প্রথমবারের মত আবেদন করবে তাদের Fresh application করতে হবে এবং ২০২৩-২৪ ইং শিক্ষাবর্ষে যে সকল আবেদনকারী Online application জমা করেছে তাদেরকে Renewal application করার জন্য বলা হবে। আবেদনকারী ছাত্র-ছাত্রীরা (Online uploaded) আবেদনপত্র গুলি download করে প্রয়োজনীয় স্বাক্ষরাদি সহ যার যার নিজস্ব শিক্ষাপ্রতিষ্ঠানে আগামী ৫ই অক্টোবর, ২০২৪ ইং তারিখের মধ্যে অনলাইনে ভেরিফিকেশনের জন্য Institute Nodal Officer এর নিকট জমা করতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদন গ্রহণযোগ্য নয়।

এখানে বিশেষ ভাবে উল্লেখ্য যে উক্ত বৃত্তি পাবার প্রক্ষে ভাৰত সরকারের সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রণালয়ের নির্দেশিত অন্যান্য সকল নির্দেশিকা সমূহ যথাৱিতি কাৰ্যকর থাকবে.

Online এ আবেদন করার সময় নিম্নলিখিত তথ্যাদি আবশ্যিকঃ-

১। ছাত্র-ছাত্রী দের ফটোকপি, আধার কার্ড নম্বর ও রেশন কার্ড নম্বর। ২। ছাত্র-ছাত্রীকে ত্রিপুরার স্থায়ী বাসিন্দা (PRTC) এবং OBC, EBC, DNT Certificate) থাকতে হবে। ৩। দরখাস্তকারীর পারিবারিক বাৎসরিক আয় ২ লক্ষ ৫০ হাজার টাকার মধ্যে হতে হবে। এই মর্মে মহকুমা শাসক কর্তৃক প্রদান করা Original Income Certificate জমা দিতে হবে (যদি আবেদনকারীর পিতা ও মাতা অথবা পরিবারের অন্য কেউ চাকুরীরত হয় তাহলে DDO কর্তৃক প্রদান করা Salary Certificate টিও মহকুমা শাসকের প্রদান করা Income Certificate এর সঙ্গে জমা করতে হবে। ৪। ছাত্র-ছাত্রীর নিজস্ব Active Bank Account details (Bank Account টি transafarable limit যুক্ত হতে হবে) ৫। আবেদনকারীর Aadhaar Number নিজ নিজ Bank Account এর সঙ্গে সংযোগস্থাপন (Linking) NPCI নির্দেশিকা অনুযায়ী থাকতে হবে। ৬। পূর্ববর্তী বছরের মার্কসীট ৭। Active Mobile Number

বিস্তারিত বিবরণের জন্য অন্যান্য পশ্চাদপদ শ্রেণী কল্যাণ দপ্তর, গোখাবস্তি, এয়ারপোর্ট রোড, আগরতলা যোগাযোগ করা যেতে পারে।

ওয়েবসাইটঃ www.obcw.tripura.gov.in দূরভাষ নম্বরঃ- (০৩৮১)২৩২-৯০৩৪, ৮৭২৯৮৯৯৩৩২


(Muhammad Sajad P, IAS)
Director
OBC Welfare Department